# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ------------------------------ বঙ্গাব্দ/ -------------------- খ্রিস্টাব্দ**

**এস, আর, ও নং ------------------ আইন ২০২৪।- বেসামরিক বিমান চলাচল আইন ,২০১৭ (২০১৭ সনের ১৮ নং আইন) এর ধারা ৪৫ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিল, যথা: -**

১। **শিরোনাম ও প্রবর্তন—**

(১) এই বিধিমালা "ড্রোন বিধিমালা, ২০২৪" নামে অভিহিত হবে;

(২) বাংলাদেশের অভ্যন্তরে ব্যবহার্য যেকোনো ড্রোনের ক্ষেত্রে আলোচ্য বিধিমালা প্রযোজ্য হবে;

(৩) এই বিধিমালা সরকারী গেজেটে প্রকাশের তারিখ হইতে ২১ (একুশ) দিন পর কার্যকর হইবে।

২। **সংজ্ঞা— (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে, এ বিধিমালায়-**

(ক) "এয়ারক্র্যাফ্‌ট" বা বিমান অর্থ বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ২ এর দফা (২৪) সংজ্ঞায়িত এয়ারক্রাফট বা বিমান;

(খ) "খেলনা জাতীয় ড্রোন" অর্থ শিশু কিশোরদের জন্য আকর্ষনীয় ড্রোন, যার সর্বাধিক ওজন ২৫০ গ্রাম (Payload সহ) এবং যার নিয়ন্ত্রণ যন্ত্রের নিয়ন্ত্রণের ব্যাপ্তি (Controllability range) অনধিক ১০০ (একশত) মিটার। উল্লেখ্য যে, খেলনা জাতীয় ড্রোনে কোন অডিও এবং/অথবা ভিডিও রেকর্ডিং সুবিধা থাকতে পারবেনা;

(গ) "দূর-নিয়ন্ত্রক (Remote Pilot)/ ড্রোন-চালক (Drone Operator)" অর্থ একজন ব্যক্তি, যিনি দূর থেকে ড্রোনের উড্ডয়ন নিয়ন্ত্রণ বা পরিচালন করেন;

(ঘ) "দূর-নিয়ন্ত্রণ কেন্দ্র (Remote Pilot Station)" অর্থ এমন একটি স্টেশন যেখান থেকে দূর-নিয়ন্ত্রক (Remote Pilot)/ ড্রোন-চালক (Drone Operator) কর্তৃক ড্রোন উড্ডয়নের কন্ট্রোলসমূহ নিয়ন্ত্রণ ও পরিচালনা করা হয়;

(ঙ) "নিষিদ্ধ এলাকা (Prohibited Area)" অর্থ রাষ্ট্রের ভূমি অথবা আঞ্চলিক জলসীমার উপরিভাগের কোনো সুনির্দিষ্ট আকাশসীমা যার অভ্যন্তরে যে-কোনো বিমানের উড্ডয়ন নিষিদ্ধ;

(চ) "কর্তৃপক্ষ" অর্থ বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

(ছ) "নির্ধারিত" অর্থ বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ২ এর দফা (১৭) অধীন নির্ধারিত;

(জ) "বিপজ্জনক এলাকা (Danger Area)" অর্থ সুনির্দিষ্ট কোনো আকাশসীমা যার অভ্যন্তরে কোনো নির্ধারিত সময়ের মধ্যে বিমানের উড্ডয়ন বিপজ্জনক;

(ঝ) "মনুষ্যবিহীন আকাশযান (Unmanned Aerial Vehicle—UAV)" অথবা "মনুষ্যবিহীন বিমান পরিচালন ব্যবস্থা (Unmanned Aircraft System—UAS)" অথবা "দূর নিয়ন্ত্রিত বিমান পরিচালন ব্যবস্থা (Remotely Piloted Aircraft System—RPAS)" অথবা "ড্রোন" (অতঃপর এ বিধিমালায় সংক্ষিপ্তাকারে শুধু 'ড্রোন' নামে অভিহিত) বলতে একটি

এয়ারক্র্যাফ্‌ট এবং এটির উড্ডয়নের জন্য এর সঙ্গে সংযুক্ত উপাদানসমূহকে বোঝাবে যার অভ্যন্তরে কোনো পাইলটের উপস্থিতি ছাড়াই দূর থেকে পরিচালিত বা নিয়ন্ত্রিত হবে;

(ঞ) "সংরক্ষিত এলাকা (Restricted Area)" অর্থ রাষ্ট্রের ভূমি অথবা আঞ্চলিক জলসীমার উপরিভাগের কোনো সুনির্দিষ্ট আকাশসীমা যার অভ্যন্তরে বিমান চলাচল নির্দিষ্ট কিছু শর্তসাপেক্ষে সংরক্ষিত;

(ট) "Air Navigation Order (ANO)" অর্থ বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭-এর অধীন ধারা ২ এর দফা (১০) এ সংজ্ঞায়িত এয়ার নেভিগেশন অর্ডার;

(ঠ) "Beyond Visual Line of Sight (BVLOS) Operation" অর্থ ড্রোন উড্ডয়ন করার সময় চালক/পরিচালনাকারী কর্তৃক দৃষ্টিরেখা/দৃষ্টিসীমার বাইরে রেখে First Person View (FPV) অথবা অন্য কোনো পদ্ধতিতে ড্রোন উড্ডয়ন করানো;

(ড) "First Person View (FPV)" অর্থ একটি প্রক্রিয়া, যার মাধ্যমে ড্রোন উড্ডয়ন/পরিচালনাকারী তার সম্মুখে স্থাপিত টিভি বা কম্পিউটার মনিটরে পাইলটের দৃষ্টিকোণ থেকে ড্রোনের চলমান গতিপথ ও এর আশেপাশের ছবি দেখতে পান;

(ঢ) "Payload" অর্থ একটি ড্রোন পরিচালিত হওয়ার জন্য এর দ্বারা বহনকৃত বোঝা, যা প্রধানত বাহ্যিক সেন্সর (Sensor), স্টোরেজ (Storage), ব্যাটারি (Battery), যেগুলো ড্রোনটির উড্ডয়ন ও বিশেষ কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজন হয়;

(ণ) "Visual Line-of-sight (VLOS) operation" অর্থ ড্রোন উড্ডয়ন করার সময় চালক কর্তৃক উড্ডয়ন ও নিরাপদ দূরত্ব বজায় রাখা এবং সংঘর্ষ এড়ানোর জন্য সর্বক্ষণ এবং সরাসরি দৃষ্টিরেখা ও দৃষ্টিসীমার মধ্যে রাখা; এবং

(ত) "Remote operator certificate (ROC)" বলতে কোন সংস্থাকে বেবিচক কর্তৃক প্রদত্ত বাণিজ্যিক ভাবে ড্রোন উড্ডয়নের অনুমোদিত সনদকে বোঝাবে।

(থ) "Air Taxi" সেবা হল অ্যাডভান্সড এয়ার মোবিলিটি (AAM) এর একটি প্রয়োগ, যা অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে স্বল্প থেকে মধ্য-পরিসরের চাহিদা অনুযায়ী যেকোনো সময় যেকোনো স্থানে ভ্রমণ করতে সক্ষম এয়ার পরিবহন ব্যবস্থা। এই পরিষেবায় ব্যবহৃত প্রতিটি বিমানের সর্বাধিক পে-লোড (Payload) এবং যাত্রী ধারণক্ষমতা সীমিত থাকে। উদাহরণস্বরূপ, এই প্রযুক্তিগুলির মধ্যে রয়েছে উল্লম্ব উড্ডয়ন, সম্পূর্ণ বৈদ্যুতিক ব্যবস্থা এবং স্বায়ত্তশাসিত ক্ষমতা। এরা সংক্ষিপ্ত রুটে যাত্রা করে এবং পূর্বনির্ধারিত বা অনির্ধারিত ভিত্তিতে চলতে পারে।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি, ক্ষেত্রমত, বেসামরিকক বিমান চলাচল আইন, ২০১৭ (২০১৭ সনের ৩ নং আইন) তে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

## ৩। **বিধিমালার প্রয়োগযোগ্যতা—**

(ক) এ বিধিমালা বেসামরিক পর্যায়ে ড্রোন নিবন্ধন, উড্ডয়নের অনুমোদন প্রদান , উড্ডয়ন/পরিচালনার এবং ড্রোন প্রস্তুত/আমদানী/তৈরী/সংযোজনের সঙ্গে সংশ্লিষ্ট সকল ব্যক্তি সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান ও বাংলাদেশে আগত বিদেশী নাগরিক/বিদেশী পর্যটক ইত্যাদির জন্য প্রযোজ্য হবে; এবং

(খ) এ বিধিমালাটি বাংলাদেশে প্রচলিত জননিরাপত্তা, রাষ্ট্রীয় নিরাপত্তা, প্রতারণা কিংবা অন্য কোনো প্রযোজ্য আইন, বিধিবিধান ইত্যাদি হতে অব্যাহতি পাওয়ার জন্য অথবা অন্য কোনো অসৎ উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।

## ৪। **উড্ডয়নের অনুমতি প্রদানের সুবিধার্থে ব্যবহারের ভিত্তিতে ড্রোনকে ৩ টি শ্রেণিতে বিভক্ত করা হলো—**

ওপেন (Open): খেলনা জাতীয় ড্রোনের ব্যবহার;

স্পেসিফিক (Specific): খেলনা জাতীয় ড্রোন ব্যতীত অন্য সকল ড্রোন;

সার্টিফাইড (Certified): মানুষ ও পণ্য পরিবহন।

৫। **ড্রোন অপারেশন জোন**—বিমান ও জনসাধারণের সুরক্ষা, নিরাপত্তা ও গোপনীয়তার বিষয় বিবেচনায় নিয়ে ড্রোন অপারেশন জোনকে নিম্নোক্ত ৩ ভাগে বিভক্ত করা হলো এবং বেবিচক-এর ANO এবং Drone Apps-এ Geofencing-এর মাধ্যমে উক্ত জোনগুলো সুনির্দিষ্ট করা থাকবে।

(ক) **গ্রিন জোন :** ইয়োলো এবং রেড জোন ব্যাতিত বেবিচক নির্ধারিত অন্য সকল এলাকা গ্রিন জোনের অন্তর্ভূক্ত। উক্ত এলাকায় Open Category ড্রোনের জন্য ভূমি হতে ৬০ মিটার অথবা ২০০ ফুট পর্যন্ত উড্ডয়নের জন্য কোন অনুমতির প্রয়োজন হবে না;

(খ) **ইয়েলো জোন:** বিমানবন্দরের কেন্দ্রের নিকটবর্তী ০৩ হতে ০৫ কিলোমিটার পর্যন্ত এলাকা, কেপিআই (KPI) ও তৎসংলগ্ন চতুর্দিকে ৫০০ মিটার , ঘনবসতিপূর্ণ এলাকা (Populated Area), জনসমাগমপূর্ণ এলাকা (Congested area) যথাঃ নগর ও শহর এলাকা, উপজেলা সদর, বাজার, হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান (কর্মঘন্টার সময়কালীন), ধর্মীয় ও রাজনৈতিক উদ্দেশ্যে সভা/সমাবেশ, জাতীয়/আন্তর্জাতিক খেলা/ইভেন্ট ও উৎসবকালীন জনসমাগম ইত্যাদি । ইয়োলো জোনে ড্রোন উড্ডয়নের ক্ষেত্রে বেবিচক কর্তৃক বিশেষ অনুমতি প্রদান করা হবে;

(গ) **রেড জোন:** বিমানবন্দর কেন্দ্র থেকে ০৩ (তিন) কিলোমিটার এলাকা, নিষিদ্ধ এলাকা (Prohibited Area), সংরক্ষিত এলাকা (Restricted Area), সামরিক এলাকা (Military Area), বিপজ্জনক এলাকা (Danger Area), বিশেষ কেপিআই (Special KPI) ও তৎসংলগ্ন চতুর্দিকে ১ কিলোমিটার, আন্তর্জাতিক সীমানা হতে দেশের অভ্যন্তরে ০৫ (পাঁচ) কিলোমিটার পর্যন্ত। রেড জোনে ড্রোন উড্ডয়নের ক্ষেত্রে এলাকা ভেদে পুলিশ, ডিজিএফআই, এনএসআই, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) অথবা অন্য কোন বিশেষ বাহিনী (যথা: SSF) কর্তৃপক্ষ ইত্যাদি কর্তৃক অনাপত্তি সনদ স্বাপেক্ষে (প্রযোজ্য ক্ষেত্রে) বেবিচক কর্তৃক বিশেষ অনুমতি প্রদান করা হবে।

৬। **ড্রোন আমদানি, তৈরি ও সংযোজন-ড্রোন বা ড্রোনের যন্ত্রাংশ আমদানি, তৈরি ও সংযোজন-এর ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি প্রতিপালন করতে হবে-**

(ক) Open Category ব্যতীত সরকারের আমদানি নীতিমালা অনুসারে প্রতিরক্ষা মন্ত্রণালয় ও জননিরাপত্তা বিভাগের অনাপত্তি সাপেক্ষে ড্রোন বা ড্রোনের যন্ত্রাংশ আমদানি করা যাবে;

(খ) প্রতিরক্ষা মন্ত্রণালয় ও জননিরাপত্তা বিভাগের অনাপত্তি ও শিল্প মন্ত্রণালয়ের নির্ধারিত পদ্ধতি অনুসরণ করত: খেলনা জাতীয় ড্রোন ব্যতীত অন্যান্য ড্রোন ও ড্রোনের যন্ত্রাংশ তৈরি ও সংযোজন কারখানা স্থাপন করতে হবে;

(গ) শিল্প মন্ত্রণালয়ের নির্ধারিত পদ্ধতি অনুসরণ করত: খেলনা জাতীয় ড্রোন ও ড্রোনের যন্ত্রাংশ তৈরি ও সংযোজন কারখানা স্থাপন করতে হবে;

(ঘ) Open Category ব্যতীত বাকি সকল শ্রেণির ড্রোনের ক্ষেত্রে ড্রোন বা ড্রোনের যন্ত্রাংশ আমদানির পূর্বেই ড্রোন বা ড্রোনের যন্ত্রাংশের বিস্তারিত স্পেসিফিকেশন (Specification) ও সংখ্যা উল্লেখসহ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনাপত্তি গ্রহণ করতে হবে;

(ঙ) প্রতিরক্ষা মন্ত্রণালয় ও জননিরাপত্তা বিভাগের অনাপত্তিপত্র ইস্যুর ০১(এক) বছরের মধ্যে অনুমোদিত স্পেসিফিকেশন মোতাবেক ড্রোন/ড্রোন যন্ত্রাংশসমূহ সরকারের আমদানি/রপ্তানি নীতিমালা অনুসরণ পূর্বক আমদানি করা যাবে এবং আমদানি পরবর্তী সময়ের জন্য প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অন্য কোন নির্দেশনা থাকলে তা প্রতিপালন করতে হবে;

(চ) প্রতিরক্ষা মন্ত্রণালয় ও জননিরাপত্তা বিভাগের অনাপত্তির কপি ও অনুমোদিত স্পেসিফিকেশনের কপিসহ কাস্টমস কর্তৃপক্ষের নির্ধারিত পদ্ধতিতে প্রযোজ্য শুল্ক পরিশোধ করে ২৫০ গ্রামের অধিক ওজন (Payload সহ) অথবা নিয়ন্ত্রণ যন্ত্রের ব্যাপ্তি ১০০ মিটারের অধিক Open Category ড্রোন এবং Specific ও Certified Category শ্রেণিভুক্ত সকল ড্রোন আমদানি করা যাবে এবং এ সময় কাস্টমস কর্তৃপক্ষের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রণালয় ও জননিরাপত্তা বিভাগের অনাপত্তির মূলকপি ও অনুমোদিত স্পেসিফিকেশনের মূলকপি প্রদর্শনে আমদানিকারী বাধ্য থাকবে।

৭। **ড্রোন, ড্রোন উড্ডয়ন সংস্থা ও ড্রোন উড্ডয়ন প্রশিক্ষণ সংস্থার নিবন্ধীকরণ-**

(ক) Open Category এর ড্রোন ২৫০ গ্রামের (Payload-সহ) বেশি ওজনের অথবা এর নিয়ন্ত্রণ যন্ত্রের ব্যাপ্তি ৬০ মিটারের উর্ধ্বে হলে এবং ২৫০ গ্রামের (Payload সহ) নিচে কোন ড্রোনে অডিও/ভিডিও বা যে কোন রেকর্ডিং ডিভাইস থাকলে উক্ত ড্রোনের নিবন্ধনও বাধ্যতামূলক;

(খ) Specific ও Certified Category ড্রোনের ক্ষেত্রে বেবিচক-এর ANO-তে নির্ধারিত ফর্মে ও পদ্ধতিতে আবেদন করে বেবিচক-এর নিকট হতে ড্রোনের নিবন্ধন/পরিচিতি নম্বর গ্রহণ করতে হবে;

(গ) ড্রোন নিবন্ধনের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদি বেবিচক-এর নিকট দাখিল করতে হবে—

(১) ড্রোন ব্যবহারের উদ্দেশ্য;
(২) স্পেসিফিকেশনের কপি;
(৩) প্রযোজ্যক্ষেত্রে ড্রোন ক্রয়ের/আমদানীর কাগজপত্র;
(৪) আবেদনকারীর ছবি ও জাতীয় পরিচয়পত্রের কপি;
(৫) মোবাইল ফোন নম্বর;
(৬) ড্রোন উড্ডয়নকালে সৃষ্ট যে-কোনো অযাচিত জরুরি পরিস্থিতি মোকাবিলার পরিকল্পনা;
(৭) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে); এবং
(৮) বেবিচক-এর চাহিদা মোতাবেক অন্যান্য কাগজপত্র/তথ্য।

(ঘ) বেবিচক তাদের ওয়েবসাইটের মাধ্যমে অনাপত্তি/প্রত্যয়নপত্র গ্রহণ, নিবন্ধন ও উড্ডয়নের অনুমতি প্রাপ্তির পদ্ধতি সম্পর্কে জনসাধারণের অবগতির জন্য প্রচার করবে; এবং

(ঙ) বেবিচক কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ড্রোন উড্ডয়নকারী ব্যক্তি/সংস্থা, ড্রোন উড্ডয়ন প্রশিক্ষণ ব্যক্তি/সংস্থা ও ড্রোন রক্ষণাবেক্ষন ব্যক্তি/সংস্থা Remote Operator Certificate (ROC)/যথাযথ সার্টিফিকেট আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে।

**৮। ড্রোন উড্ডয়নের সাধারণ শর্তাবলি—**

(ক) Open Category এর ড্রোন গ্রিন জোনে অনুমতি ব্যতীত উড্ডয়ন করা যাবে;

(খ) Specific ও Certified Category ড্রোনের ক্ষেত্রে যে-কোনো জোন-এ বেবিচক নির্ধারিত নিয়মাবলি অনুসরণ করে অনুমতি-সাপেক্ষে উড্ডয়ন করা যাবে; বেবিচক-এর বিশেষ অনুমতি ব্যতীত, Specific ও Certified শ্রেণির ড্রোন রাতে (সূর্য অস্ত ও উদয়ের মধ্যবর্তী সময়ে) পরিচালনা করা যাবে না; রাতে উড্ডয়নের ক্ষেত্রে বেবিচকের অনুমতি নিতে হবে;

(গ) সামরিক ও জননিরাপত্তার কাজে ব্যবহৃত ব্যতীত যে-কোনো শ্রেণির ড্রোন ইয়েলো ও রেড জোন-এ উড্ডয়নের ক্ষেত্রে বেবিচক নির্ধারিত নিয়মাবলি অনুসরণ করে উড্ডয়ন করতে হবে;

(ঘ) সামরিক ও জননিরাপত্তার কাজে ব্যবহৃত ব্যতীত সকল শ্রেণির ড্রোন উড্ডয়নের সাধারণ ও বিশেষ শর্তাবলি বেবিচক কর্তৃক নির্ধারিত হবে;

(ঙ) সামরিক ও জননিরাপত্তার কাজে ব্যবহৃত ড্রোন উড্ডয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা বেবিচকের সাথে সমন্বয় সাধন করবে। সামরিক ও জননিরাপত্তার কাজে ব্যবহৃত ড্রোন উড্ডয়নের ক্ষেত্রে Flight details/ Flight path বেবিচক ও নিকটস্থ ATC কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;

(চ) ড্রোন উড্ডয়ন/পরিচালনার বিষয়টি সরকারি/বেসরকারি সম্পত্তি, ব্যক্তি/রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোপনীয়তার জন্য হুমকি কিংবা ক্ষতির কারণ হতে পারবে না;

(ছ) এ বিধিমালায় নির্ধারিত নির্দিষ্ট শ্রেণির ড্রোন বেবিচক-এর নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক নিবন্ধিত হবে এবং এ লক্ষ্যে বেবিচক প্রতিটি ড্রোনের জন্য একটি নিবন্ধন নম্বর বা পরিচিতি নম্বর (Identification Number) প্রদান করবে এবং বেবিচক-এর ইলেকট্রনিক তথ্য ভান্ডারে তা সুরক্ষিত থাকবে;

(জ) নিবন্ধন নম্বর বা পরিচিতি নম্বর (Identification Number) নিবন্ধিত ড্রোনের গায়ে সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে ও রঙে ড্রোন ব্যবহারকারী ব্যক্তি, সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ নিজস্ব দায়িত্বে লিপিবদ্ধ করবে;

(ঝ) ড্রোন উড্ডয়নের ক্ষেত্রে চালকের যোগ্যতা এবং অনুসরণীয় নির্দেশনাসমূহ বেবিচক কর্তৃক নির্ধারিত হবে;

(ঞ) বিশেষ অনুমতি ব্যতীত, ভিভিআইপি-এর সভা/সমাবেশ স্থানের ২ (দুই) কিলোমিটারের মধ্যে অনুষ্ঠানের ৩ (তিন) দিন আগে থেকে সামরিক ও জননিরাপত্তার কাজে ব্যবহৃত ব্যতীত সকল শ্রেণির ড্রোন উড্ডয়ন নিষিদ্ধ থাকবে;

(ট) ড্রোন উড্ডয়নকালে বেবিচক কর্তৃক প্রদত্ত অনুমোদনের কপি ড্রোন চালক সার্বক্ষণিকভাবে নিজের সঙ্গে রাখবেন এবং উহা বেবিচক সহ, অভ্যন্তরীণ আইন প্রয়োগকারী সংস্থা ও অন্যান্য ক্ষমতাপ্রাপ্ত সরকারি নিরাপত্তা/গোয়েন্দা সংস্থাকে প্রদর্শনে বাধ্য থাকবেন; ড্রোন উড্ডয়নের অনুমোদনের কাগজ প্রদর্শন করতে ব্যর্থ হলে বেবিচক, অভ্যন্তরীণ আইন প্রয়োগকারী সংস্থা ও অন্যান্য ক্ষমতাপ্রাপ্ত সরকারি নিরাপত্তা/ গোয়েন্দা নির্দিষ্ট আইন অনুযায়ী পদক্ষেপ নিবেন।

(ঠ) বেবিচক কর্তৃক অনুমোদন প্রদান সত্ত্বেও জননিরাপত্তা বা রাষ্ট্রীয় স্বার্থে এবং বেবিচক নির্ধারিত শর্তাদি লঙ্ঘিত হলে যে-কোনো অনুমোদন যে-কোনো সময় বাতিল করার ক্ষমতা বেবিচক সংরক্ষণ করবে;

(ড) অবকাঠামো, গাছপালা, ফসল, জনগণ ও যানবাহনের অবস্থান/চলাচল এবং বিমান চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি বা এসবের জন্য কোনো প্রকার হুমকির সৃষ্টি হয় এমনভাবে উড্ডয়ন করা যাবে না; জনসমাগমের স্থান, যানবাহন চলাচলের স্থান, বাজার/ বাণিজ্যিক এলাকা, আবাসিক ভবন বা এলাকা, অফিস-আদালত হতে সবসময় ৫০ (পঞ্চাশ) মিটারের বাইরে উড্ডয়ন নিশ্চিত করতে হবে;

(ঢ) ড্রোন উড্ডয়নকারীর কাছে ড্রোন উড্ডয়নকালে সৃষ্ট যে-কোনো অযাচিত জরুরি পরিস্থিতি, যেমন—ড্রোনের ব্যাটারি/উড্ডয়নের শক্তি ফুরিয়ে যাওয়া, ড্রোনটি নিয়ন্ত্রণ সীমার বাইরে চলে যাওয়া, ড্রোনের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলা, অনিচ্ছাকৃত কারণে কোনো প্রাণী বা সম্পত্তির জন্য হুমকি/ক্ষতির আশঙ্কা ইত্যাদি থাকলে তা মোকাবিলার পরিকল্পনা (Risk Mitigation) বেবিচক কর্তৃক অবশ্যই অনুমোদিত থাকতে হবে; এবং

(ণ) ড্রোন উড্ডয়নকালে যে-কোনো অযাচিত জরুরি পরিস্থিতি সৃষ্টি হলে তা বেবিচক কে অতিসত্বর অবহিত করতে হবে এবং বেবিচক নির্ধারিত শর্তাদি অনুযায়ী উপযুক্ত ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে।

৯। **বেবিচক কর্তৃক ড্রোন উড্ডয়নের অনুমোদন প্রদান**—(ক) বিভিন্ন সংস্থা/ বিভাগের সঙ্গে তথ্য বিনিময়/ সমন্বয়পূর্বক- নিম্নোক্ত বিভাগ/ সংস্থাসমূহের অনাপত্তি (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণপূর্বক বেবিচক কর্তৃক প্রতিটি আবেদনের বিপরীতে আলাদা আলাদাভাবে অনুমোদন প্রদান করবেঃ

(১) আকাশ প্রতিরক্ষা পরিচালন কেন্দ্র;
(২) প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর;
(৩) জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা;
(৪) বিমান গোয়েন্দা পরিদপ্তর;
(৫) পুলিশ অধিদপ্তর;
(৬) বর্ডার গার্ড সদর দপ্তর;
(৭) অন্য কোন নিরাপত্তা বিভাগ/সংস্থা/বাহিনী (প্রযোজ্য ক্ষেত্রে)।

(খ) বেবিচক-এর অনুমোদনপত্রে বর্ণিত তারিখের মধ্যে উড্ডয়ন করা না হলে কারন সহ পরবর্তী উড্ডয়নের সময়সীমা বেবিচককে অবহিত করতে হবে, উল্লেখ থাকে যে, কিছু কিছু ক্ষেত্রে পুনরায় একই পদ্ধতিতে আবেদন ও অনুমোদন গ্রহণ/প্রদান প্রযোজ্য হতে পারে ;

(গ) যে-কোনো ব্যক্তি/প্রাণী বা সম্পত্তির গোপনীয়তা/নিরাপত্তা বিঘ্নিত হওয়ার সম্ভাবনা থাকলে এবং উড্ডয়নকারী এ বিধিমালা কিংবা বেবিচক নির্ধারিত শর্ত প্রতিপালনে সক্ষম না হলে ড্রোন উড্ডয়ন/পরিচালনা তাৎক্ষণিকভাবে বন্ধ রাখতে হবে ও বেবিচক-কে অবগত করতে হবে;

(ঘ) ড্রোন উড্ডয়ন অনুমোদন প্রদানের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ৯ (ক) উপ-অনুচ্ছেদে বর্ণিত সংশ্লিষ্ট সংস্থাসমূহ নিজ সংস্থায় একটি ড্রোন উড্ডয়ন সমন্বয় সেল স্থাপন করবে; উক্ত সেলের দূরালাপনী ও ই-মেইল ঠিকানা স্ব স্ব প্রতিষ্ঠানের ওয়েবসাইটে উল্লেখের ব্যবস্থা রাখবে এবং উক্ত ড্রোন সেল স্ব স্ব সংস্থা/বাহিনীর পক্ষ থেকে ড্রোন পরিচালনা/উড্ডয়নের তথ্যাদি সমন্বয় করবে।

**১০। খেলনা জাতীয় ড্রোন ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে ড্রোন চালকের যোগ্যতা—**

(ক) বয়সসীমা সর্বনিম্ন ১৬;

(খ) বেবিচক নির্ধারিত অন্যান্য প্রশিক্ষণ/যোগ্যতা/লাইসেন্স থাকতে হবে এবং যে আকাশসীমায় ড্রোন উড্ডয়ন করবে সে আকাশসীমা সম্পর্কে সুস্পষ্ট ধারণা ও হালনাগাদ তথ্যাদি (Aeronautical Information) সম্পর্কে অবহিত থাকতে হবে এবং এসকল তথ্য বেবিচক-এর ওয়েবসাইটে প্রকাশিত Aeronautical Information Publication (AIP) of Bangladesh-এ পাওয়া যাবে;

(গ) আকাশে উড্ডয়নকারী এয়ারক্র্যাফ্‌ট ও ড্রোনের মধ্যে সর্বনিম্ন নিরাপদ (অনুভূমিক/পাশাপাশি ও উল্লম্ব) দূরত্ব সম্পর্কে বেবিচক প্রদত্ত নির্দেশনা সম্পর্কে ধারণা এবং জরুরি অবস্থায় করণীয় সম্পর্কে সম্যক জ্ঞান থাকতে হবে;

(ঘ) ড্রোন চালক শারীরিক ও মানসিকভাবে সম্পূর্ণরূপে সুস্থ অবস্থায় ড্রোন পরিচালনা করবেন এবং এ ব্যাপারে বেবিচক নির্ধারিত শর্ত/নির্দেশনা অনুসরণ করতে হবে; এবং

(ঙ) ড্রোন চালক কোনো ড্রাগস্‌ (যা শরীরের স্বাভাবিক কর্মক্ষমতাকে হ্রাস করে এমন) ব্যবহারের ৮ (আট) ঘণ্টার মধ্যে কোনো ড্রোন নিজে উড্ডয়ন/পরিচালনা বা উড্ডয়ন কার্যক্রম তত্ত্বাবধান করবেন না।

**১১। ড্রোন চালকের প্রত্যয়ন (Remote Pillot License )**— Payload সহ ২৫০ গ্রাম এর বেশী ওজনের সকল ড্রোন পরিচালনার জন্য ড্রোন চালকগণ বেবিচক নির্ধারিত পদ্ধতিতে ড্রোন উড্ডয়নের সার্টিফিকেট/প্রত্যয়নপত্র গ্রহণ করবেন।

**১২। ড্রোন প্রতিরোধ ব্যবস্থা স্থাপন (Anti-Drone System/ Drone Defense System)** — ড্রোন উড্ডয়নের অনুমোদনের সময় ড্রোন প্রতিরোধ ব্যবস্থার অন্তর্ভূক্ত স্থান/এলাকাকে ড্রোন উড্ডয়ন এলাকার আওতামুক্ত রাখার নিমিত্তে-

(ক) ড্রোন প্রতিরোধ ব্যবস্থা স্থাপনের জন্য আবশ্যিকভাবে বেবিচক কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে অনুমোদন নিতে হবে; এবং

(খ) সামরিক ও জননিরাপত্তার প্রয়োজনে Temporary/Permanent ড্রোন প্রতিরোধ ব্যবস্থা স্থাপনের ক্ষেত্রে ড্রোন উড্ডয়নের প্রতিরোধ ব্যবস্থার স্থান ও স্থানের ব্যপ্তি আবশ্যিকভাবে বেবিচককে অবহিত করতে হবে যাতে করে উক্ত এলাকাকে ড্রোন উড্ডয়নের আওতামুক্ত রাখা নিশ্চিত করা যায়।

**১৩। অননুমোদিতভাবে ড্রোন উড্ডয়নের শাস্তি—**

(ক) বেবিচক, পুলিশ ও অন্য যে-কোনো আইন প্রয়োগকারী সংস্থার নিকট কোনো এলাকায় এ বিধিমালার ব্যত্যয় ঘটিয়ে কিংবা বেবিচক-এর পূর্ব-অনুমতি ব্যতিরেকে ড্রোন উড্ডয়ন করা হচ্ছে মর্মে প্রতীয়মান হলে বেবিচক/পুলিশ বেবিচকের সাথে সমন্বয় সাধন করে অথবা অন্য যে-কোনো আইন প্রয়োগকারী সংস্থা বেবিচকের সাথে সমন্বয় পূর্বক ড্রোন উড্ডয়ন বন্ধসহ উড্ডয়নকারী ব্যক্তির বিরুদ্ধে দন্ডবিধি, ১৮৬০ (১৮৬০ সালের ৪৫নং আইন) এবং বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ (২০১৭ সালের ১৮নং আইন) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

(খ) এ বিধিমালা অথবা এতদ্সংশ্লিষ্ট বেবিচকের নির্ধারিত বিধি-বিধান ভঙ্গ করে অননুমোদিতভাবে ড্রোন উড্ডয়নকারী ড্রোন উড্ডয়নের মাধ্যমে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে রাষ্ট্রীয় নিরাপত্তা/গোপনীয়তা, জননিরাপত্তা, বিমান চলাচলের সুরক্ষা/ নিরাপত্তা, জনসাধারণের ব্যক্তিগত নিরাপত্তা বা গোপনীয়তা বা তাহার কোনো সম্পত্তি বা কোনো প্রাণী অথবা পরিবেশের কোনো ক্ষতি সাধন করলে বা দেশীয় প্রচলিত আইনের পরিপন্থী অন্য যেকোনো কার্যকলাপ সংগঠিত করলে তাহা অপরাধ হিসাবে বিবেচিত হবে এবং

উক্ত অপরাধের সংগঠনের জন্যে দায়ী ব্যাক্তি বা সহযোগিতা প্রদানকারী বা প্ররোচনাকারী ব্যাক্তি দণ্ডবিধি , ১৮৬০ (১৮৬০ সালের ৪৫ নং আইন), বেসামরিক বিমান চলাচল আইন , ২০১৭ (২০১৭ সালের ১৮ নং আইন) এবং সংশ্লিষ্ট অন্য যেকোনো প্রচলিত দেশীয় আইন ও বিধানাবলী সাপেক্ষে শাস্তিযোগ্য হবেন।

১৪। **বিভিন্ন সংস্থার প্রস্তুতি**—এ বিধিমালা কার্যকরের উদ্দেশ্যে বেবিচক, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ/ প্রতিষ্ঠান/ সংস্থা/বাহিনী স্ব স্ব অনুমোদন/ প্রত্যয়ন/ অনাপত্তি প্রদানের পদ্ধতি বিধিমালা জারির ৬ (ছয়) মাসের মধ্যে প্রস্তুত করবে এবং ওয়েবসাইটে প্রকাশসহ নিজস্ব পন্থায় সর্বসাধারণের অবগতির জন্য প্রচার করার ব্যবস্থা করবে।

১৫। **বিবেচনামূলক ক্ষমতা**—এ বিধিমালার পূর্বোক্ত অনুচ্ছেদসমূহে যা কিছুই থাকুক না কেন, বেসামরিক বিমান চলাচল, রাষ্ট্রীয় এবং জননিরাপত্তার স্বার্থে অথবা অন্য কোনো কারণে সরকার যে-কোনো সময়ে যে-কোনো বেসামরিক ব্যক্তি/প্রতিষ্ঠানের ড্রোন নিবন্ধন ও উড্ডয়নের অনুমোদন মঞ্জুর/বাতিল/প্রত্যাখ্যানের ক্ষমতা সংরক্ষণ করবে।

১৬। **রহিতকরণ ও হেফাজত**—এ বিধিমালা কার্যকর হওয়ার তারিখ হতে ড্রোন সম্পর্কে ইতঃপূর্বে জারিকৃত নীতিমালা রহিত হয়েছে বলে গণ্য হবে। এরূপ রহিতকরণ সত্ত্বেও বৈধভাবে পূর্বে আমদানিকৃত ড্রোন ও বেবিচক কর্তৃক প্রদত্ত ড্রোন উড্ডয়নের অনুমতি এ বিধিমালার আলোকে প্রদানকৃত মর্মে গণ্য হবে; তবে বিধিমালা কার্যকরের পর উড্ডয়নের উদ্দেশ্যে এ বিধিমালায় বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রযোজ্য শ্রেণির ড্রোনের ক্ষেত্রে বেবিচক-এর নিকট হতে রেজিস্ট্রেশন করতে হবে।

১৭। **অস্পষ্টতা দূরীকরণ**।–

(ক) এই বিধিমালায় যে সকল বিষয়াদি সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই বা উল্লেখ নাই, সে সকল বিষয়ে বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এ উক্ত আইনসমূহের অধীন প্রণীত বিধি-বিধান এবং Civil Aviation Rules,1984 এর সংশ্লিষ্ট বিধানবলি প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে;

(খ) এই বিধিমালায় উল্লিখিত কোনো বিধান কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে সরকার, উপ-বিধি (ক) এ উল্লেখিত আইনসমূহের বিধানের সহিত সামঞ্জস্য রাখিয়া, প্রশাসনিক আদেশ দ্বারা বিষয়টি স্পষ্টীকরণ করিতে বা ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।